

## হাবিবুর রশিদ হাবীবের মুক্তির দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল মেলবোর্নের প্রতিবাদ সভা

প্রেস বিজ্ঞপ্তি: ২৫শে নভেম্বর ২০১৩, মেলবোর্নের স্থানীয় একটি হোটেলে মেলবোর্ন ছাত্রদলের উদ্যোগে বাংলাদেশ ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক হাবিবুর রশিদ হাবীবের মুক্তির দাবীতে প্রতিবাদ সভার আয়োজন করা হয়। উক্ত সভায় টেলি-কনফারেন্সে বক্তব্য রাখেন ছাত্রদল কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বায়েজিদ আরেফিন। প্রতিবাদ সভায় মেলবোর্ন

ছাত্রদলের সভাপতি কায়েস মাহমুদ জনির সভাপতিত্বে ও সহ: সাধারণ সম্পাদক মোহাম্মদ ফয়সালের পরিচালনায় বক্তারা হাবিবুর রশিদ হাবীব সহ বিএনপি ও এর অঙ্গ সংগঠনের সকল নেতাকর্মীদের মুক্তির দাবি জানান। উক্ত সভায় আর বক্তব্য রাখেন মেলবোর্ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোঃ ফয়সাল



বাহার, সহ সভাপতি শহিদুজ্জামান শুভ্র, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক কাজী ইশতিয়াক হোসেন, সহ সাংগঠনিক সম্পাদক তারতিল জিসান। এছাড়াও উক্ত সভায় টেলি-কনফারেন্সের মাধ্যমে আরো বক্তব্য রাখেন অস্ট্রেলিয়া বিএনপি এর প্রতিষ্ঠাতা সভাপতি ও সাবেক যুবদল কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মনিরুল হক জর্জ, বর্তমান অস্ট্রেলিয়া বি এন পির আহ্বায়ক দেলোয়ার হোসেন ও ছাত্রদল অস্ট্রেলিয়ার সভাপতি রাশেদুল ইসলাম রাজু। এছাড়াও আরও বক্তব্য রাখেন মেলবোর্ন বিএনপির সাধারণ সম্পাদক জালাল আহমেদ কুমু, সহ সাধারণ সম্পাদক আব্দুল কুদ্দুস শাহিন ও তৌহিদ পাটোয়ারি প্রমুখ।

মেলবোর্ন ছাত্রদলের সহ সাধারণ সম্পাদক মোহাম্মদ ফয়সাল তার বক্তব্যে অনতিবিলম্বে হাবিবুর রশিদ হাবীব সহ, সকল ছাত্রদল ও বিএনপির কারাবন্দি নেতাকর্মীদের মুক্তির দাবী জানান এবং নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবী জানান।